


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮.০৮৮

তারিখ: ০২/০১/২০১৯

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত বক্তব্য সরাসরি সম্প্রচার।

আগামী ১০ জানুয়ারি ২০১৯ তারিখ বৃহস্পতিবার বিকাল ৩টায় কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে বাংলাদেশ আওয়ামী লীগের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় মাননীয় প্রধানমন্ত্রী প্রদত্ত বক্তব্য বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক, ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম. ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট www.betar.gov.bd থেকে সরাসরি সম্প্রচার হবে।

- ২। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং-এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে বর্ণিত বক্তব্য যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য প্রচারকালে ঢাকা-ক এর পূর্ব নির্ধারিত অনুষ্ঠান ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে ও এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে প্রচার হবে।
- ৪। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য প্রচারকালে ঢাকা-ক থেকে প্রচার নির্ধারিত সংবাদ, আযান, জাতীয় অনুষ্ঠান ও আবহাওয়াবার্তা ঢাকা-খ, ৮১৯ কিলোহার্জে, ঢাকা-গ, ১১৭০ কিলোহার্জে, এফ.এম. ৯৭.৬ মেগাহার্জে ও ক্ষুদ্র তরঙ্গ ৪৭৫০ কিলোহার্জে প্রচার হবে।
- ৫। উক্ত বক্তব্য প্রচারের জন্য সংশ্লিষ্ট ট্রান্সমিটারগুলো চালু না থাকলে বক্তব্য শুরুর ১৫ মিনিট পূর্বে চালু হয়ে বর্ণিত বক্তব্য প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৬। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ ব্যয়ভার আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা বহন করবেন।
- ৭। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৮। বর্ণিত বক্তব্য সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের নিরাপত্তা পাশ সংগ্রহসহ বক্তব্য প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ, সংশ্লিষ্ট সকলের (প্রকৌশল ও বার্তা শাখাসহ) সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ বর্ণিত বক্তব্য যথাযথভাবে প্রচার নিশ্চিত করবেন।
- ৯। বর্ণিত বক্তব্য প্রচারের সময় ফিলার প্রচারে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত সংগীত/অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।
- ১০। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য সুষ্ঠুভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তঁার প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে উক্ত বক্তব্য যথাসময়ে সম্প্রচার নিশ্চিত করবেন।
- ১১। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্যের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১২। মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য শুরুর কমপক্ষে ২ ঘন্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ১৩। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।


(কামাল আহমেদ)
পরিচালক (অনুষ্ঠান)
মহাপরিচালকের পক্ষে।
ফোন: ০২-৪৮৮১৩০৭৪

dp.program.betar@gmail.com

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ১। উপ-মহাপরিচালক, বার্তা/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।
- ৬। স্টেশন প্রকৌশলী, নিম্নশক্তি প্রেরণ কেন্দ্র, কল্যাণপুর, ঢাকা।